

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নবাবগঞ্জ, দিনাজপুর।  
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৪-

২৪(৫০)

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২৪


নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৯৬ ধারার ৪৮ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ এবং এস, আর ও নং ২৩২-আইন/২০১৭ মোতাবেক দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের নিম্নে উল্লিখিত ওয়ার্ডে সরকারি বিধি মোতাবেক বেতন ভাতাদি প্রদান সাপেক্ষে (গ্রাম পুলিশ) মহানুদারের পদপূরণের উদ্দেশ্যে বর্ণিত ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং [nawabganj.dinajpur.gov.bd](http://nawabganj.dinajpur.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

ক্র: নং	পদের নাম	ইউনিয়ন ও ওয়ার্ডের নাম	বেতনের হার	শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা
১	(গ্রাম পুলিশ) মহানুদার	(০১) ২নং বিনোদনগর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে ১টি পদ (০২) ০৫নং পুটিমারা ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে ০১টি পদ এবং ৭নং ওয়ার্ডে ০১টি সহ মোট ০২টি পদ (০৩) ৬নং ভাদুরিয়া ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে ০১টি পদ এবং ৬নং ওয়ার্ডে ০১টি সহ মোট ০২টি পদ (০৪) ৭নং দাউদপুর ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে ০১টি পদ এবং ৭নং ওয়ার্ডে ০১টি সহ মোট ০২টি পদ	সরকারি নির্ধারিত হার	শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। শারীরিক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে: (১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি। (২) বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক)। ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)। (৩) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে: (১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট। (২) বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক)। ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)। (৩) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

শর্তাবলী:

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বয়স (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা(ঝ) শারীরিক যোগ্যতার পরিমাপ (ঞ) শিক্ষাগত যোগ্যতা এবং (ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আগামী ২৮/০২/২০২৪খ্রি:তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে অফিস চলাকালীন সময় পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।
- আবেদনপত্রের সহিত প্রার্থীর পাসপোর্ট সাইজের ০৩ কপি সত্যায়িত রশ্মি ছবি সংযুক্ত করতে হবে।
- ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ১৪/০২/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য নয়।
- সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- তফসীলি ব্যাংক হতে সভাপতি, মহানুদার নিয়োগ বাছাই কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর বরাবরে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রফট সংযুক্ত করতে হবে।
- সংশ্লিষ্ট ওয়ার্ড হতে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য ওয়ার্ড হতে প্রার্থী নিয়োগ করা হবে। বর্ণিত বিধিমালায় আলোকে উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহানুদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষাদের অগ্রাধিকার দেয়া হবে।
- শূন্য পদের সংখ্যা কম বা বেশি হতে পারে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

  
মো: আনিসুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
মহানুদার নিয়োগ বাছাই কমিটি  
নবাবগঞ্জ, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নবাবগঞ্জ, দিনাজপুর।  
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.২৪- ২৪ (৫৫)

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-০৬।

২। জেলা প্রশাসক, দিনাজপুর।

৩। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।

৫। উপজেলা ..... অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।


৬। অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা, দিনাজপুর।

৭। চেয়ারম্যান/ইউপি সচিব, সকল ইউপি, নবাবগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৮. সভাপতি/সম্পাদক, দৈনিক ..... সংবাদপত্র ..... তাকে স্বল্প পরিসরে বিজ্ঞপ্তিটি এক দিন প্রকাশ করে প্রকাশিত সংবাদপত্রের কপি ও বিলসহ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

৯। অফিস কপি।



(মো: আব্দুল রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

নবাবগঞ্জ, দিনাজপুর।

ফোন নং- ০২৫৮৯৯২৯৯০১

unonawabganj@gmail.com